# মাঠ পর্যায়ের অফিসসমূহে এপিএ প্রণয়ন ও বাস্তবায়নে সমস্যাসমূহ এবং উত্তরণের উপায় সম্পর্কিত প্রশিক্ষণ


**উপস্থাপনায়ঃ**

শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক কার্যালয়
তোপখানা, সিলেট
মোবাইলঃ ০১৭৭৭-৪০০-৯৫৯
ই-মেইলঃ ashaheen11921@gmail.com
uddsylhet@yahoo.com


Content: Collected

# কৃতজ্ঞতা স্বীকার: জেলা প্রশাসন, সিলেট

# উপস্থাপনার রূপরেখা

১। ২০২২-২৩ অর্থবছরের এপিএ গাইডলাইন ও মূল্যায়ন নির্দেশিকা

২। হালনাগাদ এপিএএমএস সফটওয়্যার সংক্রান্ত তথ্য

৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সমসাময়িক সমস্যাসমুহ

৪। সিলেট বিভাগীয় শহরের দপ্তরসমুহের এপিএ সংক্রান্ত সমস্যাসমুহ

৫। নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসের এপিএ বাস্তবায়নের অন্তরায়সমুহ

৪। এপিএ সংক্রান্ত সমস্যাসমুহ উত্তরনের উপায়সমুহ

৫। ভবিষ্যত করণীয়

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
# প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩

**মন্ত্রিপরিষদ বিভাগ**

# এপিএএমএস সফটওয়্যার সংক্রান্ত হালনাগাদ তথ্য

- এপিএএমএস সফটওয়্যারে সকল সরকারি অফিসকে পর্যায়ক্রমে অন্তর্ভুক্ত করা হচ্ছে। সফটওয়্যারে বর্তমানে ৭৯৩৭টি অফিস যুক্ত রয়েছে। তন্মধ্যে ২০২১-২২ অর্থবছরে নতুন যুক্ত হয়েছে ৬৮৮০টি অফিস।

- সম্প্রতি বিভাগ ও জেলা পর্যায়ের বিভিন্ন সরকারি অফিসকে বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয় প্রশিক্ষণ প্রদান করার পর বিভাগ ও জেলা পর্যায়ের প্রায় ২৫০টি অফিস এপিএ দাখিল করেছে।

- এই মূহুর্তে এপিএএমএস সফটওয়্যার ব্যবহারে দক্ষ জনবলের অভাব রয়েছে। তবে মন্ত্রিপরিষদ বিভাগ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মন্ত্রণালয়/বিভাগসমূহে এবং বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়ে এপিএএমএস সফটওয়্যার ব্যবহারে দক্ষ জনবল তৈরি করেছে।

- এপিএএমএস সফটওয়্যারে আওতাধীন অফিসের এপিএ'র নিয়ন্ত্রণ এপিএ স্বাক্ষরকারী ঊর্ধ্বতন কর্তৃপক্ষের। এপিএ স্বাক্ষরকারী ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে সফটওয়্যারের মাধ্যমে আওতাধীন অফিসসমূহের এপিএ দাখিল, পরিবীক্ষণ ও মূল্যায়ন করার ব্যাপারে আরও মনোযোগী হতে হবে।

- এপিএ স্বাক্ষরকারী সকল সরকারি অফিসকে সফটওয়্যারের মাধ্যমে এপিএ করার জন্য ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগসমূহকে পত্র দেওয়া হয়েছে। এপিএএমএস সফটওয়্যারে যুক্ত হওয়ার জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষ বা তার ঊর্ধ্বতন অফিসসমূহের সাথে যোগাযোগ করা যেতে পারে।

চলমান...

- ২০২১-২২ অর্থবছরে সুশাসন ও সংস্কারমূলক কর্মকাণ্ডের জন্য সফটওয়্যারে কোন অগ্রগতি বা প্রমাণক দাখিলের প্রয়োজন নেই। নতুন সফটওয়্যার তৈরি হলে তখন সফটওয়্যারের মাধ্যমে অগ্রগতি ও প্রমাণক দাখিল করা যাবে।
- ২০২১-২২ অর্থবছর থেকে এপিএ'র প্রতিটি সূচকে প্রমাণকের সর্বোচ্চ আকার ২ মেগাবাইট থেকে বৃদ্ধি করে ৫ মেগাবাইট করা হয়েছে।
- এপিএএমএস সফটওয়্যারে নিজ নিজ অফিসের এপিএ টিমের তথ্য হালনাগাদ রাখা অত্যন্ত জরুরি। কারণ সফটওয়্যারে এপিএ টিমের তথ্য অনুসারে ফোকাল পয়েন্ট ও টিম লিডার কর্মকর্তার মোবাইলে মন্ত্রিপরিষদ বিভাগের গুরুত্বপূর্ণ ক্ষুদে বার্তা প্রেরণ করা হয়।
- এপিএএমএস সফটওয়্যারের নোটিশ বোর্ড নিয়মিত চেক করলে এপিএ সংক্রান্ত হালনাগাদ তথ্যসমূহ জানতে পারা যায়।
- এপিএএমএস সফটওয়্যারের বার্তার মাধ্যমে বিভিন্ন অফিসের সাথে যোগাযোগ করে এপিএ সংক্রান্ত ব্যাপারে নির্দেশনা প্রদান করা যায়/ সহযোগিতা নেওয়া যায়।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সমসাময়িক সমস্যাসমূহ

- এপিএ সম্পর্কে প্রচলিত ভুল ধারণা;
  - এপিএ একটি ফর্ম, এটি কোনভাবে পূরণ করাই যথেষ্ঠ;
  - এপিএ অতিরিক্ত কাজ;
  - এপিএ তে শুধু কাগজ তৈরী করতে হয়;
  - স্বাক্ষর হয়ে যাওয়ার পর এপিএ'র গুরুত্ব নাই;
  - মূল্যায়নে নম্বর পাওয়া কিংবা ১ম/২য় হওয়াটাই মুখ্য;

চলমান.....

- সরকারি কাজের স্বচ্ছতা ও জবাবদিহি বৃদ্ধির মানসিকতার অভাব;
- পরিকল্পনা অনুযায়ী কর্মসম্পাদনের চর্চার অভাব;
- রুটিন-ধর্মী কাজে আগ্রহ; এসকল কাজ কোন ফলাফল তৈরী করছে কি না তা বিবেচনায় অনাগ্রহ;
- সিটিজেন চার্টারের সাথে এপিএ'র সংযোগহীনতা;
- পরিকল্পনা দলিলের সাথে এপিএ'র সংযোগহীনতা;
- প্রকল্পের লক্ষ্যমাত্রার সাথে সংযোগহীনতা;

চলমান.....

- যথাযথ পরিবীক্ষণের অভাব;
- লক্ষ্যমাত্রা অর্জনের যথাযথ মূল্যায়ন না করা;
- লক্ষ্যমাত্রা অর্জনে সাফল্যের স্বীকৃতি না থাকা;
- লক্ষ্যমাত্রা অর্জনের সাথে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি/প্রশিক্ষণের সংযোগহীনতা;
- লক্ষ্যমাত্রা অর্জনে মাঠ পর্যায়ের অফিসসমূহের সমন্বিত উদ্যোগের সাথে এপিএ'র সংযোগহীনতা;

চলমান.....

- লক্ষ্যমাত্রা অর্জনে এপিএ কে একটি টুল/মাধ্যম হিসেবে ব্যবহারে ধারণার অভাব;
- আওতাধীন অফিসের কার্যক্রম নির্ধারণ, নিয়ন্ত্রণ ও পরিবীক্ষণে এপিএ'র উপযোগীতার ধারণার অভাব।

# সিলেট বিভাগীয় শহরের দপ্তরসমুহের এপিএ সংক্রান্ত সমস্যাসমুহ

১। বেশিরভাগ দপ্তর এপিএএমএস সফটওয়্যারে নেই এবং নিজস্ব ওয়েবসাইটেও এপিএ আপলোড করা নেই;

২। নিজ দপ্তরের অর্জন, চ্যালেঞ্জ ও পরিকল্পনা অনুপস্থিত;

৩। এযাবত অর্জন, সমস্যা/চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনার মধ্যে সংযোগহীনতা;

৪। এপিএ গাইডলাইন অনুযায়ী এপিএ প্রস্তুত না করা;

৫। কর্মসম্পাদন ক্ষেত্রের গুরুত্ব নির্ধারণে সমস্যা

চলমান.....

৬।সূচক ও কার্যক্রম নির্ধারণে সমস্যা; ১/২/৩/৪ (জেলা/উপজেলা পর্যায়ের অফিসের কার্যক্রম নিজ এপিএ'তে প্রদর্শন)

৫। একই সূচক একাধিকবার উল্লেখ

৬। অন্য দপ্তরের কার্যক্রমকে নিজ এপিএ-তে দেখানো (৪% সুদে কৃষি ঋণ প্রদান, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের এপিএ-তে দেখানো হলেও এটি মূলত: ব্যাংকের কাজ);

৭। চূড়ান্ত ফলাফল/প্রভাব নির্ধারণে সমস্যা

৮। জেলা/উপজেলা পর্যায়ের অফিসকে প্রদত্ত সেবার লক্ষ্যমাত্রা বিভাগীয় অফিসের এপিএ'তে না থাকা; এবং

৯। পরিবীক্ষণ কার্যক্রমের অনুপস্থিতি;

## নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিসের এপিএ বাস্তবায়নের অন্তরায়সমুহ

১। অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী সঠিক জনবল নিয়োগ/পদায়ন না হওয়ায় সঠিক ও উপযুক্ত APA Team গঠন করতে না পারা

২। Charter of Duties নির্দিষ্ট না হওয়া

৩। জিআইএস সম্পর্কিত উপযুক্ত প্রশিক্ষণের অভাব

# এপিএ সংক্রান্ত সমস্যাসমুহ উত্তরনের উপায়সমুহ

১। চেকলিস্ট অনুসারে নিয়মিতভাবে কর্মসম্পাদন

২। বিভাগীয় পর্যায়ের অফিসসমূহের জন্য আবশ্যিক করনীয়সমুহ

# বিভাগীয় পর্যায়ের অফিসসমূহের জন্য আবশ্যিক করনীয়সমুহ

- এপিএ’র মাধ্যমে অফিসের নিয়মিত কার্যক্রমের উন্নয়ন সাধন;
- সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত নাগরিক ও প্রাতিষ্ঠানিক সেবা সংক্রান্ত বিষয়সমূহ গুরুত্বের সঙ্গে এপিএ-তে অন্তর্ভুক্ত করা;
- আওতাধীন অফিসসমূহের এপিএ’র যথাযথ পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- নিজ অফিসসহ আওতাধীন অফিসসমূহকে এপিএএমএস সফটওয়্যারে অন্তর্ভুক্তকরণ;
- এপিএ’র লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক প্রশিক্ষণ আয়োজন।
- ৩০ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে ২০২৩-২৪ অর্থবছরের এপিএর খসড়া প্রণয়ন করে ঊর্ধ্বতন অফিসে প্রেরণ ;
- ৩০ জুনের মধ্যে আওতাধীন অফিসের সঙ্গে এপিএ স্বাক্ষর সম্পন্ন করা;


# ভবিষ্যত করণীয়

- এপিএ সংক্রান্ত বিভাগীয় কমিটির সভা নিয়মিত অনুষ্ঠান;
- এপিএ বাস্তবায়নে বিভাগীয় পর্যায়ের সকল অফিসের কার্যক্রমের সমন্বয়সাধন এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- চলতি অর্থবছরের মধ্যে বিভাগীয় পর্যায়ের সকল অফিসকে এপিএএমএস সফ্টওয়্যার-এর আওতায় আনার বিষয়টি তত্ত্বাবধান;
- জেলা পর্যায়ে এপিএ কমিটির কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান;
- বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় বিভাগের এপিএ'র সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- বিভাগীয় পর্যায়ের অফিসসমূহের জন্য এপিএ, এপিএএমএস সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন;
- মাঠ পর্যায়ের অফিসসমূহের এপিএ বাস্তবায়ন সংক্রান্ত সমস্যা এবং উত্তরণের সম্ভাব্য উপায় সম্পর্কে প্রয়োজনে মন্ত্রিপরিষদ বিভাগে সুপারিশ প্রেরণ
- বিভাগীয় দপ্তরসমুহের সাংগঠনিক কাঠামো অনুযায়ী অতি দ্রুত সঠিক জনবল নিয়োগ, পদায়ন এবং সংযুক্তকরন
- কর্মকর্তা-কর্মচারীদের নিজ জেলা এবং প্রয়োজনে রাজধানী ঢাকাতে যথোপযুক্ত প্রশিক্ষনের ব্যবস্থাকরণ

# মুক্ত আলোচনা

# ও

# প্রশ্নোত্তর পর্ব



# THANKS for listening……